



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University : NSTU

নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd

জনসংযোগ ও
প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ



নোবিপ্রবি/জনসংযোগ/প্রেস বিজ্ঞপ্তি/১৬৭৯

২৮ সেপ্টেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উদযাপিত হয়েছে। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর ২০২৩) বেলা ১২টায় নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে আনন্দ র্যালি, কেক কাটা, মিলাদ ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। এ সময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, আইআইটি পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, আইআইএস পরিচালক ও প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহামেদ, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেনসহ বিভিন্ন অনুষদের ডিনবন্দ, বিভাগের চেয়ারম্যানবন্দ, হলসমূহের প্রভোস্টবন্দ, দপ্তরসমূহের পরিচালকবন্দ, শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দসহ ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবন্দ।

আনন্দ র্যালিটি নোবিপ্রবি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, “আজ ২৮ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৭তম জন্মদিন। তিনি জন্মগ্রহণ করেছিলেন গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায়। আমরা জানি, ষড়যন্ত্রকারীরা বহুবার তাকে হত্যার চেষ্টা করেছে। তারপরও তিনি থেমে থাকেননি। শত বাধা-বিপত্তি অতিক্রম করে তিনি দেশের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তার সবচেয়ে বড় পরিচয় তিনি বঙ্গবন্ধু কন্যা। বঙ্গবন্ধু আমাদের একটি স্বাধীন ভূখণ্ড দিয়ে গেছেন আর তার সুযোগ্য কন্যার হাত ধরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের পথে এগিয়ে যাচ্ছে দেশ। আমরা চাই, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে উন্নয়নের এই অগ্রযাত্রা অব্যাহত থাকুক। আজকের এই শুভ দিনে আমি মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।”

উল্লেখ্য, বাদ জোহর মাননীয় প্রধানমন্ত্রীর ৭৭তম জন্মদিন উপলক্ষে নোবিপ্রবি কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।